# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) আসামে আগামীকাল থেকে ভোটার তালিকার বিশেষ পুঙ্খানুপুঙ্খ সংশোধন- এস আই আর'এর জন্যে নির্বাচন কমিশনের নির্দেশনা/ আগামী দশই ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ/

(২) বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সেদেশের আর্ন্তজাতিক অপরাধ সংক্রান্ত ট্রাইব্যুনালের মৃত্যুদন্ডের রায়/

(৩) মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেবের সৃষ্টি বৃন্দাবনী বস্ত্র আসামে নিয়ে আসা সম্পর্কে লন্ডনের সংগ্রহশালা কর্তৃপক্ষ এবং আসাম সরকারের মধ্যে আলোচনা সম্পন্ন/

এবং

(৪) শিলচর শহরের ক্যাপিটেল পয়েন্টের কাছে ট্রাঙ্ক রোড থেকে রাঙ্গিরখাড়ি পর্যন্ত প্রস্তাবিত এলিভেটেড করিডোর নির্মাণের বিষয়ে আলোচনা করার জন্য এবং এই সংক্রান্ত জনমত সংগ্রহের জন্য আগামী বুধবার বিকেল তিনটায় শিলচরের বঙ্গ ভবনে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনসভা আহ্বান/

----------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসামে ভোটার তালিকার বিশেষ পুঙ্খানুপুঙ্খ সংশোধনী- সংক্ষেপে এস আই আর'এর জন্যে নির্দেশনা জারি করেছে । কমিশনের নির্দেশনা অনুসারে ২০২৬ সালের পয়লা জানুয়ারিকে ভিত্তি তারিখ হিসেবে ধরে এই সংশোধনী করতে হবে। সেই অনুসারে আগামীকাল থেকে এই সংক্রান্ত নথিপত্র ছাপা এবং নির্বাচনের সঙ্গে জড়িত আধিকারিক কর্মচারীদের প্রশিক্ষণ আরম্ভ হবে । আগামী ২১শে ডিসেম্বর থেকে ২৬শে ডিসেম্বরের মধ্যে সমন্বিত খসড়া ভোটার তালিকা প্রস্তুত করতে হবে । আগামী ২৭শে ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে । এই সম্পর্কিত দাবী ও আপত্তি

সমূহ আগামী দোসরা ফেব্রুয়ারীর মধ্যে নিষ্পত্তি করা হবে । এবং আগামী দশই ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে । নির্বাচন কমিশনের আজ প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুযায়ী সংবিধানের ৩২৬ নম্বর ধারার অধীনে এবং ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১৬ এবং ১৯ নম্বর অনুচ্ছেদের অধীনে আসামে বসবাস করা এবং আগামী বছরের পয়লা জানুয়ারিতে ১৮ বছর সম্পূর্ণ হতে যাওয়া নাগরিকদের নাম ভোটার তালিকায় অর্ন্তভুক্ত করা হবে ।

নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে- ভোটার তালিকার বিশেষ পুঙ্খানুপুঙ্খ সংশোধনীর মাধ্যমে আসাম একটি স্বচ্ছ এবং উন্নীত ভোটার তালিকা লাভ করবে ।

-----------------------------------------------------------------------------------------------

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আজ বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যালের এক রায়ে মৃত্যদন্ডে দন্ডিত করা হয়েছে । সেদেশের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামানকেও মৃত্যুদন্ডে দন্ডিত করা হয়েছে । ঢাকা পুলিশের প্রাক্তন মহাপরিদর্শক আল মানুনকে একই মামলায় পাঁচ বছরের কারাদন্ডের রায় ঘোষণা করা হয়েছে । শেখ হাসিনার বিরুদ্ধে উত্থাপতি গত বছর জুন/জুলাই মাসের গণ আন্দোলনকারীদের হত্যার নির্দেশ দেওয়া , বিক্ষোভকারী ছাত্র আবু সাইদকে হত্যার নির্দেশ এবং উস্কানীমূলক ভাষণ দেওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ার পর আদালত শেখ হাসিনা এবং প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রীর সম্পত্তি বাজেয়াপ্ত করার ও নির্দেশ দেয় ।

-----------------------------------------------------------------------------------------------

মহাপুরুষ শ্রীমন্ত শংকরদেবের সৃষ্টি আসামের গৌরবময় ইতিহাস সমৃদ্ধ বৃন্দাবনী বস্ত্র আসামে প্রদর্শনের জন্য নিয়ে আসার বিষয় নিয়ে আজ লন্ডনের সংগ্রহালয় কর্তৃপক্ষ এবং আসাম সরকারের মধ্যে আলোচনা সম্পন্ন হয়েছে ।আসাম সরকারের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ইতিমধ্যে লন্ডনে এই আলোচনায় মিলিত হন ।লন্ডনের সংগ্রহালয়ে থাকা এই বস্ত্র ২০২৭ সালে ছ'মাসের জন্য আসামে প্রদর্শনের জন্য নিয়ে আসা হবে । এই বস্ত্র গুয়াহাটীতে এনে খানাপারার সংগ্রহালয়ে বিশেষভাবে সংরক্ষণ করে রাখার ব্যবস্থা করা হবে এবং এর জন্য জমি বন্টন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানান । আসামে প্রদর্শনের পর দিল্লী , মুম্বাই ইত্যাদি স্থানেও এই বস্ত্র প্রদর্শনের ব্যবস্থা করা হবে । মুখ্যমন্ত্রী আজ লন্ডন প্রবাসী ভারতীয়দের সঙ্গেও সাক্ষাৎ করেন ।

-----------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ ( আর এস এস ) প্রধান ডঃ মোহন ভাগবত আজ তিনদিনের সফরসূচী নিয়ে আসামে এসেছেন । আজ বিকেলে তিনি লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ

বিমানবন্দর থেকে সুদর্শনালয়ে উপস্থিত হয়েছেন ।সংঘের শতবর্ষ পূর্তী উপলক্ষে ডঃ ভাগবত সাংগঠনিক বৈঠকে অংশগ্রহণ করা সহ আগামীকাল এবং আগামী বুধবার তিনি সুদর্শনালয়ে বৌদ্ধিক মত বিনিময় কার্যসূচীতে অংশগ্রহণ করবেন ।এই মত বিনিময় অনুষ্ঠানে রাজ্যের বেশ কয়েকজন সাহিত্যিক , বুদ্ধিজীবী , পত্রিকার সম্পাদক ও শিল্পপতিদের আমন্ত্রন জানানো হয়েছে । আগামী বুধবার তিনি কবি সাহিত্যিক এবং শিল্পপতিদের উপস্থিতিতে এক যুব সম্মেলনে ভাষণ দেবেন । আগামী বৃহস্পতিবার তিনি মণিপুর অভিমুখে রওয়ানা হবেন ।

------------------------------------------------------------------------------------

গুয়াহাটির টাডা আদালত আজ প্রাক্তন আলফা নেতা দৃষ্টি রাজখোয়ার জামিন মঞ্জুর করেছে । একটি অপহরণের মামলায় অভিযুক্ত দৃষ্টি রাজখোয়া আজ আদালতে হাজির হন । আদালত দুজন জামিনদার এবং একলক্ষ টাকার জরিমানা নিয়ে তার জামিন মঞ্জুর করে । উল্লেখ্য- ১৯৯৩ সালে কার্বি আংলং জেলার খেরণিতে কান্হাইয়া লাল গুপ্তা নামের একজন রেলওয়ে ঠিকাদারকে অপহরণের একটি মামলার ভিত্তিতে পুলিশ দৃষ্টি রাজখোয়া সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে সমন জারি করেছিল । তবে নির্ধারিত দিনে তারা আদালতে হাজির না হওয়ার জন্যে আদালত দৃষ্টি রাজখোয়ার বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারি করা হয় । সেই অনুসারে আজ অভিযুক্ত রাজখোয়া আদালতে হাজির হয়ে কোনো গ্রেপ্তারী পরোয়ানা পাননি বলে জানিয়েছেন । এই ভাষ্যের ভিত্তিতে আদালত অভিযুক্ত রাজখোয়ার জামিন মঞ্জুর করে ।

------------------------------------------------------------------------------------

সৌদি আরবের মক্কার থেকে মদিনা অভিমুখী একটি যাত্রীবাহী বাস আজ ভোরে দুর্ঘটনাগ্রস্ত হওয়ায় বেশকয়েকজন ভারতীয় হজযাত্রীর প্রাণ হারানোর আশঙ্কা করা হচ্ছে । উল্লেখ্য- ভারতীয় সময় গতরাত প্রায় দেড়টা নাগাদ মুফরিহাট নামের স্থানে বাসটি একটি ডিজেলবাহী ট্যাংকার ধাক্কা মারে । বাসটিতে বেশকয়েকজন মহিলা ও শিশু থাকার তথ্য পাওয়া গেছে । বাসটি মক্কা থেকে মদিনা ফিরে আসছিল । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনায় অশোক প্রকাশ করেছেন । তিনি নিহতদের পরিবারবর্গকে সমবেদনা জ্ঞাপন করেছেন এবং ভারতীয় নাগরিকগণ সহ দুর্ঘটনায় আহতদের আশু আরোগ্য কামনা করেছেন । বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর এই ঘটনায় শোক প্রকাশ করে বলেছেন যে- রিয়াধের ভারতীয় দূতাবাস ও জেড্ডার ভারতীয় বাণিজ্যিক দূতাবাসে দুর্ঘটনাগ্রস্ত লোকেদের পরিবার এবং ভারতীয় নাগরিকদের প্রয়োজনীয় সবধরণের সহায়তা করা হচ্ছে । জেড্ডায় থাকা ভারতের বাণিজ্যিক রাষ্ট্রদূতের কার্যালয়ের পক্ষ থেকে ইতিমধ্যে বেশকয়েকটি হেল্পলাইন নম্বর চালু করা

হয়েছে । এই দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে ২৪ ঘন্টা খোলা থাকা একটি নিয়ন্ত্রণ কক্ষও খোলা হয়েছে বলে দূতাবাস সূত্রে জানানো হয়েছে । হেল্পলাইন নম্বরগুলি হচ্ছে- ৮০০-২৪৪-০০০৩, ০১২২-৬১৪০-৯৩, ০১২-৬৬-১৪২-৭৬ এবং ০৫৫-৬১২২-৩০১ ।

---

শিলচর শহরের ক্যাপিটেল পয়েন্টের কাছে ট্রাঙ্ক রোড থেকে রাঙ্গিরখাড়ি পর্যন্ত প্রস্তাবিত এলিভেটেড করিডোর নির্মাণের বিষয়ে আলোচনা করার জন্য এবং এই সংক্রান্ত জনমত সংগ্রহের জন্য আগামী বুধবার বিকেল তিনটায় শিলচরের বঙ্গ ভবনে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনসভা আহ্বান করা হয়েছে । এই এলিভেটেড করিডোর নির্মাণে সমাজের সর্বস্তরের জনসাধারণের অংশগ্রহণ, এই কাজে স্বচ্ছতা বজায় রাখা এবং সামগ্রিক দৃষ্টিভঙ্গী প্রকাশের ব্যবস্থা করে দেওয়ার উদ্দেশ্যে জেলা প্রশাসনের উদ্যোগে এই সভা ডাকা হয়েছে । কাছাড়ের জমি অধিগ্রহণ শাখার উদ্যোগে আয়োজিত এই সভায় স্থানীয় বসবাসকারী, সংশ্লিষ্ট অংশীদার, স্থানীয় জনপ্রতিনিধি সহ শিলচর সহ বাইরের জনসাধারণ যাদের এই প্রকল্প বাস্তবায়িত হওয়ার ক্ষেত্রে জমি অধিগ্রহণ ইত্যাদি কোনোধরণের সমস্যা হতে পারে, বিশেষ করে তাদেরকেও এই সভায় অংশগ্রহণ করতে বলা হচ্ছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে যে- শিলচর শহরের ট্রাফিক জ্যাম নিয়ন্ত্রণে এবং শহরে চলাফেরা আরো সুগম করার উদ্দেশ্যে স্থানীয় জনসাধারণের পরামর্শ এবং দৃষ্টিভঙ্গী এই প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে ।

রাজ্যের খাদ্য, গণবন্টন- গ্রাহক পরিক্রমা, খনি খনিজ এবং বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই কাছাড় জেলার সাংসদ এবং সংশ্লিষ্ট বিধায়কদের উপস্থিতিতে এই মতবিনিময় অনুষ্ঠানের নেতৃত্ব দেবেন । জেলা প্রশাসনের পক্ষ থেকে এই সভায় স্থানীয় জনসাধারণকে অংশগ্রহণ করে এই বিষয়ে নিজেদের মতামত তুলে ধরার আমন্ত্রণ জানানো হয়েছে ।

---

জনতার শিল্পী জুবিন গার্গের জন্মদিবস উপলক্ষে আগামীকাল শিল্পীর অনুরাগীরা রাজ্যের বিভিন্ন স্থানে তাঁর জন্মদিবস পালন করার প্রস্তুতি গ্রহণ করেছে ।আগামীকাল গুয়াহাটীর সরুসজাই ও সোণাপুরের জুবিন ক্ষেত্রে এই উপলক্ষে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এছাড়া আগামীকাল রাজ্যের ৫৩ টি স্থানে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ইতিমধ্যে জানিয়েছেন ।রাজ্য বিজেপির উদ্যোগে আগামীকাল ৫৩ টি স্থানে রক্তদান এবং রক্তের গ্রুপ সনাক্ত করার

জন্য জীবন সুরভি শীর্ষক শিবির উদ্বোধন করা হবে । দলের রাজ্য সভাপতি তথা সাংসদ দিলীপ শইকিয়া আগামীকাল সকাল ৯ টায় এই শিবির উদ্বোধন করবেন ।

---------------------------------------------------------------------------------

জুবিন গার্গের জন্মদিন উপলক্ষে আগামীকাল বিকেল ৪ টায় শিলচর সতীন্দ্র মোহন দেব ষ্টেডিয়ামে হাজার কণ্ঠে জুবিন গার্গের ‘মায়াবিনী রাতির বুকুত’ গানটি বাংলা ও অসমীয়া ভাষায় পরিবেশন করা হবে ।অনুষ্ঠানে প্রয়াত শিল্পীর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হবে ।ভারত কণ্ঠ দেবজিৎ সাহা এবং ইন্ডিয়ান আইডল খ্যাত শিল্পী মৈথিলী সোম এই অনুষ্ঠানে উপস্থিত থেকে শিল্পীর জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন ।অনুষ্ঠানে শিলচরের বহু বিশিষ্ট সঙ্গীতশিল্পীরা উপস্থিত থাকবেন ।এছাড়া বিভিন্ন সংস্থা সংগঠন , স্কুল কলেজের ছাত্রছাত্রী অনুষ্ঠানে উপস্থিত থাকবে ।
এদিকে ভারতীয় জনতা পার্টীর কাছাড় জেলা কমিটির উদ্যোগে আগামীকাল জুবিন গার্গের জন্মদিবস উপলক্ষে নরসিংটোলার মাঠে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের পূর্ত, মৎস্য , পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ শ্রীভূমি শহরের মদনমোহন মাধব চরন বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী শ্রীপাল বলেন যে ৭ কোটী টাকা ব্যায়ে এই প্রকল্পটি রাজ্যে শিক্ষার পরিকাঠামো শক্তিশালীকরা ও শিক্ষার্থীদের জন্য উন্নত শিক্ষার সুযোগ নিশ্চিত করতে একটি শক্তিশালী পদক্ষেপ । অনুষ্ঠানে উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক , জেলা পরিষদের সভাপতি অনিল কুমার ত্রিপাঠী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমির জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে আজ জাতীয় নবজাতক সপ্তাহ এবং শ্বাস অভিযান-এর সূচনা করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ একটি সচেতনতা র‍্যালী অনুষ্ঠিত হয়েছে । স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর মতিন্দ্র সূত্রধর র‍্যালীর উদ্বোধন করেন । এছাড়া মহিলা আরোগ্য সমিতির সাথে একটি সচেতনতা সভাও অনুষ্ঠিত হয় । সভায় নবজাতক শিশুর সেবা ও সময়মতো চিকিৎসা পরিষেবা নেওয়ার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । উল্লেখ্য জাতীয় স্বাস্থ্য মিশনের এই জেলা স্তরের কর্মসূচীর মাধ্যমে যার লক্ষ্য নবজাতক সেবা উন্নয়ন এবং শিশুর নিউমোনিয়া প্রতিরোধ করা ।

---------------------------------------------------------------------------------